

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৪০/২০১৬

অভিযোগকারী : জনাব আলাউদ্দিন আল মাছুম  
পিতা:- মরহুম ইয়াকুব আলী  
৬২৪/২ ইবাহীমপুর, থানা-কাফরচন্দল,  
ঢাকা।

**সিদ্ধান্তপত্র (একক শুনানী)**  
**(তারিখ : ৩০-০৮-২০১৬ ইং)**

অভিযোগকারী ২৪-০৫-২০১৬ তারিখে প্রধান তথ্য কমিশনার বরাবরে অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ১৯০/২০১৫ নং অভিযোগের প্রেক্ষিতে কমিশন কর্তৃক ০৯-০২-২০১৬ তারিখে অভিযোগকারীকে ১০ কার্যদিবসের মধ্যে তথ্য সরবরাহের জন্য ভাটারা থানার অফিসার ইনচার্জ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ প্রদান করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য সরবরাহ না করায় ২২-০৩-২০১৬ তারিখে পুনরায় অভিযোগ দায়ের করেন। তথ্য কমিশন রায় অনুযায়ী অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ ও আরোপিত জরিমানার অর্থ জমা প্রদানের বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে তথ্য কমিশন কে অবহিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে পত্র প্রেরণ করেন। কিন্তু অদ্যাবধি অভিযোগকারীকে কোন প্রার্থিত তথ্য সরবরাহ না করায় তিনি পুনরায় ২৫-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

২। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনাতে গ্রহণযোগ্যতা বিষয়ক একক শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ০৪-০৮-২০১৬ তারিখ গ্রহণযোগ্যতা বিষয়ক শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারীর প্রতি সমন জারী করা হয়।

৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী হাজির এবং অভিযোগকারী সময় প্রার্থনা করায় পরবর্তী ৩০-০৮-২০১৬ তারিখে গ্রহণযোগ্যতা বিষয়ক শুনানীর দিন ধার্য করে সমন জারি করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারীর প্রতি সমন জারি করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী জনাব আলাউদ্দিন আল মাছুম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত ১৯০/২০১৫ নং কেসের সিদ্ধান্ত অনুযায়ী তথ্য না পাওয়ায় অত্র আবেদন দাখিল করেন। অভিযোগকারী আরো উল্লেখ করেন যে, চাহিত তথ্যাদি তথ্য কমিশনে নিষ্পত্তিকৃত কেস নং ১৯০/২০১৫এর সাথে সংশ্লিষ্ট। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) মহামান্য হাইকোর্টে তথ্য কমিশনের ১৯০/২০১৫ নং অভিযোগের আদেশের বিরুদ্ধে রীট আবেদন নং ৬১১৫/২০১৬ দাখিল করেছেন। উক্ত রীট আবেদনের প্রেক্ষিতে মহামান্য আদালত তথ্য কমিশনের আদেশ স্থগিত করেছেন।

## পর্যালোচনা

অভিযোগকারীর বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি তথ্য কমিশনে নিষ্পত্তিকৃত কেস নং ১৯০/২০১৫এর সাথে সংশ্লিষ্ট। যেহেতু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) মহামান্য হাইকোর্টে তথ্য কমিশনের ১৯০/২০১৫ নং অভিযোগের আদেশের বিরুদ্ধে ৬১১৫/২০১৬ নং রীট মামলা দাখিল করেছেন এবং মামলাটি বিচারাধীন রয়েছে, সেহেতু রীট মামলা বিচারাধীন থাকা অবস্থায় কমিশন কর্তৃক কোন আদেশ প্রদান সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে যেহেতু অভিযোগকারীর যাচিত তথ্য সরবরাহের বিষয়ে মহামান্য হাইকোর্টে রীট মামলা বিচারাধীন রয়েছে সেহেতু উক্ত রীট মামলা নিষ্পত্তি হওয়া পর্যন্ত এ বিষয়ে তথ্য কমিশন কর্তৃক কোন আদেশ প্রদান সমীচীন নয় বিবেচনায় ৬১১৫/২০১৬ নং রীট মামলা নিষ্পত্তি পর্যন্ত অত্র অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম স্থগিত রাখা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

#### স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

#### স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

#### স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার